# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date: 24.08.2024 Time: 7.50 PM

## বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে দুর্নীতি মামলায় এফ.আই.আর দায়ের করে সিবিআই তদন্ত শুরু করেছে।

২) কলকাতা হাইকোর্টের নির্দেশে আর জি কর কান্ডে অভিযুক্ত সঞ্জয় রায়, প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ সহ ৭ জনের পলিগ্রাফ টেস্টের প্রক্রিয়া শুরু করেছে সিবিআই।

৩) জুনিয়ার ডাক্তারদের কর্ম বিরতির ফলে সৃষ্ট অচলাবস্থা কাটাতে আজ দফায় দফায় বৈঠক করছেন স্বাস্থ্য দফতরের আধিকারিকরা।

৪) এদিকে, কলকাতা সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে অব্যাহত প্রতিবাদ বিক্ষোভ। ২৭-শে আগস্ট ছাত্র সমাজের নবান্ন অভিযানের কথা মাথায় রেখে কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা হচ্ছে।

৫) বর্ধমানের নান্দুরে আদিবাসী তরুণী প্রিয়াঙ্কা হাঁসদা খুনে মূল অভিযুক্ত অজয় টুডুর ১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

৬) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৭) ঘূর্ণাবর্তের ফলে সৃষ্ট নিম্নচাপ এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টি চলবে।

oooooooooooooooooooo

RG KAR দুর্নীতি মামলায় সি বি আই এফ আই আর দায়ের করে তদন্ত শুরু করেছে। কলকাতা হাইকোর্টের নির্দেশ মতো আজ সকালে ওই মামলার যাবতীয় নথিপত্র সিবিআই-এর হাতে তুলে দেয় রাজ্য সরকার গঠিত বিশেষ তদন্তকারী দল এস আই টি।

আর জি কর কলেজ ও হাসপাতালে একাধিক বে-নিয়মের অভিযোগ তুলে ছিলেন হাসপাতালের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলি। তিনি ইডি ও সিবিআই তদন্ত চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন।

এদিকে, আদালতের অনুমতি মেলার পর আর জি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ সহ ৭ জনের পলিগ্রাফ টেস্টের প্রক্রিয়া শুরু হয়েছে বলে খবর।

এজন্য দিল্লি থেকে সিবিআই-এর একটি বিশেষ দল কলকাতায় এসেছেন। সন্দীপ ছাড়াও ধৃত সঞ্জয় রায়, চার চিকিৎসক এবং সঞ্জয় ঘনিষ্ঠ এক সিভিক ভলান্টিয়ারের পলিগ্রাফ পরীক্ষা করা হচ্ছে। তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার প্রেক্ষিতে সময় সাপেক্ষ এই টেস্টের জন্য সিবিআই-এর আবেদনে সাড়া দিয়ে গতকালই অনুমতি দেয় আদালত।

অন্যদিকে, প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে আজ নিয়ে টানা ৯'দিন জিজ্ঞাসাবাদ করছে CBI । সকাল ১০ টায় CGO কমপ্লেক্সে হাজিরা দেন তিনি। ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত সঞ্জয় রায়ের বাইকটি আজ সিবিআই-এর দফতরে আনা হয়। সেটিরও ফরেন্সিক পরীক্ষা হবে বলে জানা গেছে। সঞ্জয় ঘনিষ্ঠ এ এস আই অনুপ দত্তকে আজ আবার জিজ্ঞাসাবাদ করছে সিবিআই।

oooooooooooooooooooooo

তরুণী চিকিৎসককে ধর্ষন ও খুনের ঘটনায় ন্যায় বিচারের দাবিতে জুনিয়র চিকিৎসকদের কর্ম বিরতির জেরে অচলাবস্থা কাটাতে আজ স্বাস্থ্য ভবনের শীর্ষ

আধিকারিকরা দফায় দফায় বৈঠক করছেন। উপস্থিত ছিলেন স্বাস্থ্য-শিক্ষা অধিকর্তা কৌস্তব নায়েক, নতুন অধ্যক্ষ মানস কুমার বন্দোপাধ্যায় এবং জুনিয়ার চিকিৎসকদের প্রতিনিধিরা। বৈঠকে তারা নিজেদের দাবি-দাওয়া তুলে ধরেছেন আন্দোলনরত চিকিৎসকরা। সেগুলি মিটিয়ে দেওয়া হলে কাজে ফিরবেন বলে জানিয়েছেন তাঁরা।

(বাইট – চিকিৎসক)

এদিকে, স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম আজ সন্ধ্যায় জয়েন্ট প্ল্যাটফর্মস্ অফ ডক্টর্সের ৬-টি সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসেছেন।

০০০০০০০০০০০০০০০০০০

হাসপাতাল চত্বরে নিরাপত্তা বৃদ্ধির প্রেক্ষিতে বিভিন্ন মেডিকেল কলেজ ও হাসপাতাল রাজ্য সরকারের কাছে লিখিতভাবে প্রায় ৭ হাজার সিসিটিভি ক্যামেরা চেয়ে আবেদন করেছে। রাজ্যজুড়ে আঠাশ টি মেডিকেল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষ সিসিটিভির পাশাপাশি নয়শো টি বিশ্রাম কক্ষ এবং ২ হাজার নিরাপত্তা রক্ষী চেয়ে স্বাস্থ্য দপ্তরে আবেদন করেছে বলে খবর। । স্বাস্থ্য দপ্তরের তরফে এই রিপোর্ট ইতিমধ্যেই মুখ্যমন্ত্রীর দপ্তরে পাঠানো হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এর মধ্যে সিসিটিভি চেয়ে বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতাল থেকে সবচেয়ে বেশি আবেদন জমা পড়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ডের প্রতিবাদ ও ন্যায় বিচারের দাবিতে কলকাতা সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে আজও প্রতিবাদ বিক্ষোভে সামিল হয়েছেন বিভিন্ন রাজনৈতিক দলের কর্মী-সমর্থক ও সাধারণ মানুষ।

পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের প্রতিবাদে এবং হাসপাতালে ভাঙচুরের ঘটনায় দলের সদস্যদের মিথ্যে মামলায় জড়িয়ে দেওয়ার অভিযোগে SFI, DYFI সহ বাম ছাত্র যুব সংগঠনগুলি আজ লালবাজার অভিযানের ডাক দেয়। বৃষ্টি মাথায় নিয়ে কলেজ স্কোয়ার থেকে লালবাজারের পথে এগিয়ে চলে বামেদের প্রতিবাদ মিছিল। বি বি গাঙ্গুলি স্ট্রিটে পুলিশ ব্যারিকেড করে তাঁদের আটকে দেয়। এরপর DYFI-এর রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখোপাধ্যায় সহ ৭ জনের প্রতিনিধি দলকে লালবাজারে নিয়ে

যায় পুলিশ। সঙ্গে যান বেশ কয়েকজন আইনজীবী। কলেজ স্কোয়ারে জমায়েতের পর মীনাক্ষী বলেন, রাজ্যের পুলিশ অকর্মন্য হয়ে পড়েছে।

(বাইট)

মিছিলে যোগ দেন সর্বভারতীয় গনতান্ত্রিক মহিলা সংগঠন-AIDWA এবং আইনজীবীদের সংগঠন- এআইএলইউ।

পশ্চিমবঙ্গ প্রদেশ মহিলা কংগ্রেস আজ ধর্মতলায় দু-দিন ব্যাপী অবস্থান বিক্ষোভ কর্মসূচী শুরু করেছে। বেলা ১১-টা থেকে রাত আটটা পর্যন্ত এই কর্মসূচী চলবে বলে জানা গেছে।

টলিউডের আটটি ফোরামের ডাকে আজ প্রতিবাদ কর্মসূচীতে অংশ নেন অভিনেতা, অভিনেত্রী কলাকুশলীরা।

পশ্চিমবঙ্গ শিক্ষক সমাজের উদ্যোগে আজ প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত শিক্ষক-শিক্ষিকারা কলকাতায় মিছিল করেন। কলেজ স্কোয়ার থেকে মিছিল শুরু হয়ে যায় রাজাবাজার সায়েন্স কলেজ পর্যন্ত।

তরুনী চিকিৎসককে নির্মমভাবে খুন এবং বর্ধমানের নান্দুরে আদিবাসী তরুনীর খুনের প্রতিবাদ এবং দোষীদের শাস্তির দাবিতে আজ পথে নামেন বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনীরা। বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক শিক্ষিকা, গবেষক ছাত্র ছাত্রী এবং শিক্ষাকর্মীরা মিছিলে পা মেলান।

রাজ্য সরকারের নির্দেশিকা সত্ত্বেও বনগাঁ-র মহিষাঙ্গণে মিছিল করেন, রামচন্দ্রপুর হাইস্কুলের ছাত্রছাত্রীরা। এছাড়াও বনগাঁ-র ঠাকুর হরিদাশ, রাখাল দাশ স্কুলের প্রাক্তন ও বর্তমান পড়ুয়ারা মিছিলে পা মেলান। ত্রিকোণ পার্কে তাদের অবস্থান বিক্ষোভের জেরে বেশকিছুক্ষণ অবরুদ্ধ হয়ে পড়ে এলাকাটি।

দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে নদীয়ার বাগ আচরা হাইস্কুলের পড়ুয়ারা ছুটির পর মিছিল করেন। ফুলিয়া শিক্ষা নিকেতন, ফুলিয়া বিদ্যামন্দির ও ফুলিয়া বালিকা বিদ্যালয়ের শিক্ষকরা আজ মৌন মিছিল করে প্রতিবাদ জানান।

এদিকে, আজ এসপ্ল্যানেড মেট্রো চ্যানেলে বিক্ষোভে সামিল হন রেডিওজকিরা।

আর জি করের ঘটনায় মুখ্যমন্ত্রীর ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের উত্তর দিনাজপুর জেলা কমিটির

একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি অভিযোগ করেন, রাজ্য সরকারের মদতে তথ্য প্রমাণ লোপাটের চেষ্টা চলছে।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, স্কুল পড়ুয়াদের রাস্তা অবরোধ সহ স্কুল বহির্ভূত কোনও কর্মসূচিতে নিয়ে যাওয়ার ওপরে নিষেধাজ্ঞা জারি করেছে। প্রতি জেলাশাসককে বিষয়টি নিশ্চিত করতে নির্দেশ দেওয়া হয়েছে। নবান্ন থেকে গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলাশাসকদের সঙ্গে বৈঠকে মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা এই নির্দেশ দেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। কোনও জায়গায় এরকম কর্মসূচি নেওয়া হলে তা বন্ধ করা এবং যাঁরা ওই কর্মসূচি গ্রহণ করছেন তাঁদের বিরুদ্ধে পদক্ষেপ করতে হবে বলেও স্পষ্ট ভাবে জানানো হয়েছে।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ, নিখিলবঙ্গ শিক্ষক সমিতি-ABTA সহ বিভিন্ন সংগঠন এই নিষেধাজ্ঞার তীব্র প্রতিবাদ ও তা' প্রত্যাহারের দাবী জানিয়েছে।

শিক্ষা দফতরের নির্দেশিকার তীব্র প্রতিবাদ করেছে এস ইউ সি আই কমিউনিষ্ট। দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য এই নির্দেশকে স্বৈরাচারী পদক্ষেপ বলে উল্লেখ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

২৭-শে আগস্ট ছাত্র সমাজের নবান্ন অভিযানের কথা মাথায় রেখে কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা হচ্ছে। মোতায়েন করা হয়েছে বিরাট পুলিশ বাহিনী। জেলা থেকে উচ্চ পদস্থ পুলিশ আধিকারিকদের নিয়ে আসা হচ্ছে। নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আজ উচ্চ পর্যায়ের বৈঠকে বসেন, পুলিশের মহানির্দেশক রাজীব কুমার, এডিজি আইনশৃঙ্খলা মনোজ বর্মা সহ শীর্ষ আধিকারিকরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে ২১ জন আইজি, ডিআইজি পদমর্যাদার অফিসার থাকবেন বলে খবর। এছাড়াও, ডিসি, এডিসিপি, এসিপি সহ একাধিক পদমর্যাদার আধিকারিকরাও থাকবেন। সোমবারের মধ্যে সব পুলিশবাহিনীকে নবান্ন সংলগ্ন বিভিন্ন জায়গায় পৌঁছে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। মন্দিরতলা, চাটার্জি হাট, শিবপুর, কাজিপাড়া, ক্যারিরোড, শালিমার, বি

গার্ডেন এলাকায় আইনশৃঙ্খলা ঠিক রাখতে সব রকম পদক্ষেপ নেওয়া হবে। কোনা এক্সপ্রেসওয়ে ও ফোরশোর রোডে যান চলাচল স্বাভাবিক রাখতে পর্যাপ্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

এদিকে, রাজ্য সরকার ২৭ তারিখের নবান্ন অভিযান রুখতে বিভ্রান্তিকর খবর ছড়াচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, ছাত্রছাত্রী ও নাগরিক সমাজের অরাজনৈতিক নবান্ন অভিযানের কর্মসূচিতে মুখ্যমন্ত্রী ভয় পেয়েছেন। তাই প্রত্যেক জেলার থানার সিভিকদের দিয়ে ভুয়ো ফেসবুক প্রোফাইল খুলিয়ে ২৭শে আগষ্টের নবান্ন ঘেরাও নিয়ে বিভ্রান্তিকর খবর ছড়ানো হচ্ছে বলে তাঁর দাবি।

নবান্ন অভিযানকে সমর্থন জানিয়েছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। প্রয়োজন হলে দল এতে যোগ দেবে বলেও তিনি জানান।

আর জি কর-এর ঘটনায় বিরোধীরা রাজনৈতিক ফায়দা তোলার চেষ্টা করছে বলে রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন।

(বাইট – ফিরহাদ)

oooooooooooooooooooo

বর্ধমানের নান্দুরে আদিবাসী তরুণী প্রিয়াঙ্কা হাঁসদা খুনে মূল অভিযুক্ত অজয় টুডুর ১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে। গত সন্ধ্যায় পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া থেকে পুলিশের বিশেষ তদন্তকারী দল তাকে গ্রেফতার করে। সম্পর্কের টানাপোড়েনের জেরেই পশ্চিম মেদিনীপুরের ডেবরার বাসিন্দা অজয়, প্রিয়াঙ্কাকে খুন করে বলে জানা গেছে। আজ তাকে বর্ধমান আদালতে তোলা হলে তার পুলিশ হেফাজত মঞ্জুর করেন বিচারক।

ooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবানীতে ‘মন কি বাত’-এ তাঁর চিন্তা ভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানটির ১১৩-তম পর্ব। শোনা যাবে বেলা ১১’টা থেকে আকাশবাণীর সবক’টি প্রচার তরঙ্গে ।

আকাশবাণী সংবাদের website ও newsonair mobile app-এও সরাসরি সম্প্রচারিত হবে মন কি বাত। আকাশবাণী ও দূরদর্শন সংবাদ, প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও এটির live স্ট্রিমিং হবে। হিন্দিতে সম্প্রচারের অব্যবহিত পরেই শোনা যাবে বাঙলা সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায় এর অনুবাদ। রাত আটটায় এর তর্জমা পুনঃপ্রচারিত হবে।

oooooooooooooooooo

ঘূর্ণাবর্তের ফলে সৃষ্ট নিম্নচাপ এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ রাজ্যের বেশিরভাগ জেলাতেই ভারী বর্ষণ চলেছে। কলকাতা শহরে আজ দুপুরের পর ভারী বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত হয়। পামার বাজারে ৩৫ মিলিমিটার, ঠনঠনিয়ায় ৩৪ দশমিক চার মিলিমিটার, বালিগঞ্জে ২৪ মিলিমিটার, জিঞ্জিরা বাজারে ২৩ মিলিমিটার বৃষ্টির খবর মিলিছে। ভারী বৃষ্টির খবর মিলেছে বাঁকুড়া, বীরভূম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, দুই ২৪ পরগনায়। আজ অতি ভারী বর্ষণের কমলা সতর্কতা জারি রয়েছে দুই ২৪ পরগনা ও দুই মেদিনীপুরের বেশকিছু এলাকায়। আলিপুর আবহাওয়া দফতরের অধিকর্তা হবিবুর রহমান জানালেন –

(বাইট)

অন্যদিকে, আজ ভারী বর্ষণের হলুদ সতর্কতা রয়েছে হাওড়া, হুগলী, কলকাতা, বাঁকুড়া, ঝাড়গ্রাম, দুই বর্ধমান ও পুরুলিয়া জেলায়।

আগামীকাল অতি ভারী বৃষ্টি হতে পারে হুগলী, বাঁকুড়া, বীরভূম, দুই বর্ধমান জেলায়।

উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি এবং কালিম্পং জেলাতেও বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির খবর মিলেছে।

oooooooooooooooooo

ইস্টবেঙ্গল মাঠে কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে আজ ইস্টবেঙ্গল ও পিয়ারলেস স্পোর্টস ক্লাবের মধ্যে খেলাটি প্রবল বৃষ্টির জন্য বাতিল করা হয। এই ম্যাচটি আগামীকাল ইস্টবেঙ্গল মাঠে দুপুর একটায় শুরু হবে।

ইস্টবেঙ্গল ১০ ম্যাচে ২৮ পয়েন্ট নিয়ে গ্রুপ বি দ্বিতীয় স্থানে আছে। পিয়ারলেস এস সি সমসংখ্যক ম্যাচে ১৬ পয়েন্ট পেয়ে পঞ্চম স্থানে রয়েছে।

oooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo